

১২
৩

আজ থেকে ক্লাস ও পরীক্ষা বর্জন

জবিকে আবাসিক বিশ্ববিদ্যালয় ঘোষণাসহ ৬ দফা দাবিতে আন্দোলন অব্যাহত

জবি রিপোর্টার : আবাসিক বিশ্ববিদ্যালয় ঘোষণাসহ ৬ দফা দাবিতে জবিকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত রয়েছে। পূর্বের কর্মসূচী অনুযায়ী মঙ্গলবারও ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে আন্দোলনকারীরা। একই দিন তারা ৬দফা দাবি সংবলিত একটি স্বাক্ষরিত দিবেছে বিশ্ববিদ্যালয় উপাচার্য এসআই খানকে। এই সঙ্গে আজ থেকে শিক্ষার্থীরা সকল প্রকার ক্লাস ও পরীক্ষা বর্জন কর্মসূচী

(১১- পৃষ্ঠা ৫-৫৪ কঃ দেয়ন)

জবিকে আবাসিক (১২-এর পাতার পর)

ঘোষণা করেছে। এ লক্ষ্যে তারা ২১ সদস্যবিশিষ্ট একটি পরীক্ষা প্রতিরোধ কমিটি গঠন করেছে। আজ অনার্স দ্বিতীয় বর্ষের ফাইনাল পরীক্ষা প্রতিরোধ করার জন্য এই কমিটি ঘোষণা করেছে বলে তারা জানিয়েছে। তবে বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, তারা পরীক্ষা নেয়ার প্রস্তুতি নিয়ে আছেন। শিক্ষার্থীরা পরীক্ষা দিতে এলে তারা পরীক্ষা নেবেন। আর যদি তারা পরীক্ষা না দেয় তাহলে পরীক্ষা নেয়া হবে না। ৬দফা দাবি আদায়ের লক্ষ্যে পূর্বের ঘোষণা অনুযায়ী বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে শহীদ মিনারের পাদদেশে জড়ো হয়। এর পর ১১টার দিকে বিক্ষোভ মিছিল বের করে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে উপাচার্য অফিসের সামনে অবস্থান নেয়। তবে মিছিল ছিল শান্তিপূর্ণ। দুপুরের দিকে উপাচার্য ক্যাম্পাসে এলে তারা ৬দফা সংবলিত একটি স্বাক্ষরিত জমা দেয়। দাবিতলো ছিল ১। আবাসিক বিশ্ববিদ্যালয় ঘোষণা ২। শিক্ষক সঙ্কট নিরসন ৩। বাংলাদেশ ব্যাংক সদরঘাট শাখাকে ক্যাম্পাস থেকে স্থানান্তর ৪। পরিবহন ব্যবস্থার উন্নতি ৫। বেদকল থাকা হলগুলো উদ্ধার ৬। বাবার ক্যাটিন চালু করা। স্বাক্ষরিত দেয়ার সময় উপাচার্য শিক্ষার্থীদের দাবিতলো পূরণ করার চেষ্টা করবেন বলে জানান।

শিক্ষার্থীরা তাদের দাবিতলো দ্রুত বাস্তবায়নের জন্য উপাচার্যকে অনুরোধ করেন। তাদের দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন-কর্মসূচী স্থগিত করা হবে না উপাচার্যকে জানানো হয়েছে বলে শিক্ষার্থীরা সাংবাদিকদের বলেছেন। উপাচার্য তাদের কাছে দাবিতলো আদায়ের জন্য কিছু সময় চেয়েছেন বলে জানা গেছে। হলগুলো উদ্ধার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলেও উপাচার্য শিক্ষার্থীদের বলেছেন। এ সময় তিনি শিক্ষার্থীদের শান্ত থাকারও আহ্বান জানান।